



৩১ মে, ২০২০

প্রতি

বার্তা সম্পাদক/হেড অব নিউজ  
প্রিন্ট এন্ড ইলেক্ট্রনিক মিডিয়াসমূহ

জনাব

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তি আপনার সংবাদ মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ জানাচ্ছি।  
ধন্যবাদসহ

সুলতানা কামালঃ

চেয়ারপার্সন

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ)

প্রেস বিজ্ঞপ্তি

নিজ বিদ্যালয়ের শিক্ষকদ্বারা চতুর্থ শ্রেণীর ছাত্রী ধর্ষণ ও অন্ত:সত্ত্বা হওয়ার ঘটনায় :

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ

সিরাজগঞ্জের এনায়েতপুরে এক শিক্ষকের লালসার শিকার হয়ে চতুর্থ শ্রেণির এক ছাত্রী অন্ত:সত্ত্বা হয়ে পড়ার ঘটনায় মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যমে প্রাপ্ত সূত্র থেকে জানা যায়- সিরাজগঞ্জের এনায়েতপুরে মাঝগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক অভিযুক্ত নূরুজ্জামান প্রায় পাঁচ মাস আগে স্কুল ছুটির পর ৪র্থ শ্রেণির ছাত্রীটিকে স্কুলে অবস্থান করতে বলে। পরে ছাত্রীটিকে ক্লাস রুমের ভিতরে নিয়ে মুখচেপে ধর্ষণ করে। এ সময় ছাত্রীটি কান্নাকাটি করলে নূরুজ্জামান তাঁকে ১শ' টাকা হাতে গুঁজে দিয়ে, ঘটনাটি কাউকে বললে তাঁর বাবা মাকে হত্যা করা হবে বলে ভয়ভীতি দেখিয়ে বাড়ি পাঠিয়ে দেয়। শিশু ছাত্রীটি ঘটনাটি কাউকে না বললেও ৫ মাস পর অসুস্থ হয়ে পড়লে তাঁর বাবা-মা হাসপাতালে নিয়ে ডাক্তারের পরামর্শে পরীক্ষা করলে ছাত্রীটি ৫ মাসের অন্ত:সত্ত্বা বলে জানা যায়। পরে শিশু ছাত্রীটি শিক্ষক নূরুজ্জামানের অপরাধের কথা জানায়। ছাত্রীটির বাবা এনায়েতপুর থানায় উক্ত শিক্ষকের বিরুদ্ধে মামলা করে ন্যায় বিচার নিশ্চিত করার দাবি করেছেন।

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) মনে করে, সাম্প্রতিক সময়ে নারী ও শিশুর প্রতি সহিংসতা বিশেষ করে শিশু ধর্ষণের ঘটনা অব্যাহতভাবে বেড়ে যাওয়ায় চলমান পরিস্থিতি ভয়াবহতার দিকে চলে যাচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানে শিশু বা ছাত্রীদের সুরক্ষিত ও নিরাপদে থাকার বদলে তারা কিছু কিছু শিক্ষকেরই লালসার শিকার হচ্ছে যা অত্যন্ত ন্যাকারজনক এবং একটি ঘৃণিত অপরাধ। এটি হেফাজতে থাকা অবস্থায় নির্যাতিত হওয়ার মত গুরুতর অপরাধ। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এর দায় এড়াতে পারে না। এমএসএফ ঘটনার গুরুত্ব বিবেচনায় নিয়ে দ্রুততার সাথে সৃষ্ঠ তদন্তের মাধ্যমে এ শিশুটির প্রতি ন্যায়বিচার নিশ্চিত করার দাবি জানাচ্ছে। পাশাপাশি শিক্ষাঙ্গনসহ সর্বক্ষেত্রে নারী ও শিশুদের জন্য নিরাপদ ও নির্বিঘ্নে লেখাপড়া করা ও চলাফেরার মত সহায়ক ও উপযোগী পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে।

**Office:**

Sanjher Maya  
Hs No.: 15, Road 32  
Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh

**Contact:**

Tel +88-01711387168  
Tel +88-01716572367

**email :**

msfhr9@gmail.com